# SAMPLE QUESTION PAPER OF CLASS X

# SESSION - 2015 - 2016

# SA - II

# SUBJECT - BENGALI

# CODE - 005

# SET - II

Code No. 005

- Please check that this question paper contains 11 printed pages.
- Please check that this question paper contains 18 questions
- 15 minutes time has been allotted to read this question paper. This question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m. the students will read the question paper only and will not write any answer on the answer script during this period.

The Question Paper is divided into four sections

SECTION - A : Reading (Comprehension)

SECTION - B : Grammar

SECTION - C : Composition & Writing

SECTION - D : Literature

# SA II - 2015 - 16
## Class - X
## Subject - Bengali
## Set - II

সময় - ৩ ঘন্টা
*Time : 3 Hrs.*

সর্বমোট অঙ্ক - ৯০
*Maximum Marks - 90*

## Section - A (Reading)
### বোধ পরীক্ষণ

1. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলি দেখ। প্রতিটি প্রশ্নের জন্য তিনটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে লেখ। 2+2+1 = 5

পরীক্ষা দিতে তোমাদের একেবারেই ভালো লাগে না তো ? না কি লাগে ? আমাদের কিন্তু লাগত না। পড়াশোনাতো ভালোই, তবে পরীক্ষার কথা ভাবলেই হাত-পা কেমন ঠান্ডা হয়ে যেত আমাদের। দুঃস্বপ্ন যেন। অথচ, সেই আমাদের ছোট্ট স্কুলে, দু-একবার এমনই হলে যে, পরীক্ষাটাও হয়ে উঠল বেশ একটা ভীষণ ব্যাপার। কীভাবে জানো ?

হেডমাস্টারমশাই একবার ক্লাসে এসে বললেন ঃ 'একটা জিনিস কখনো কি ভেবে দেখেছ তোমরা? এই সময়ে হলঘরে মাস্টারমশাইরা ঘুরে বেড়াই গার্ড হয়ে, তোমাদের পক্ষে এটা খুব লজ্জার কথা নয় ?

লজ্জা ? লজ্জা কেন ? হেড মাস্টারমশাই কি ভয়টাকেই ভুল করে লজ্জা বলেছেন ? খসখস করে লিখে দিচ্ছে সবাই খাতার পাতায়, আর মাস্টারমশাইরা নিজেদের মধ্যে গুনগুন করতে করতে ঘুরে বেড়াচ্ছেন ঘরে আর বসে আছেন চেয়ারে, আর মাঝে মাঝে হেঁকে উঠছেন, 'নো হামিং, নো হামিং - ভাবলেই কি ভয় হয় না ? মাঝে মাঝে মনে হয়, ওখান থেকেই তো আসছে 'হামিং', আমরা আর করছি কতটুকু ?.কিন্তু সে কথা সাহস করে আর বলে কে ? ঘাড় নিচু করে লিখতে হয়তো টের পাচ্ছি যে ঠিক পিছনেই দাঁড়িয়ে আছেন একজন, পড়ে যাচ্ছেন আমার লেখা, তখন কি লিখতে আর কলম সরে ? নাঃ লজ্জার কথা মনে হয়নি কখনো। মাস্টারমশাইরা পাহারাদার হয়ে ঘুরে বেড়াচ্ছেন পরীক্ষার ঘরে, এ ছবিটা ভাবলে কেবল ভয়েরই কথা মনে হত আমাদের।

কিন্তু হেডমাস্টারমশাই আমাদের বোঝালেন যে ভয় নয়, এরমধ্যে আছে একটা লজ্জা । কেন আমাদের পাহারা দিতে হবে ? ঘরে যদি কেউ না থাকে তাহলেই কি তোমরা এ ওর দেখে লিখবে? বই খুলে লিখবে ? মাষ্টারমশাইরা কি কেবল সেইটে ঠেকাবার জন্য ঘরে বসে থাকবেন পুলিশ হয়ে? পরীক্ষা কি তবে একটা চোর পুলিশ খেলা । দেখো তো ভেবে ? তোমাদের কি এইটুকুও বিশ্বাস করা যাবে না ? শুধু সন্দেহই করতে হবে ?

ক) 'কারা 'নো হামিং' 'নো হোমিং' বলে হেঁকে উঠতেন

i) ছাত্ররা হেঁকে উঠত।

ii) মাস্টার মশাইরা হেঁকে উঠতেন।

iii) অভিভাবকরা হেঁকে উঠতেন।

খ) পরীক্ষার কথা ভাবলেই কী হত এবং সেইজন্য পরীক্ষাটা কী ব্যাপার হয়ে উঠল ?

i) পরীক্ষার কথা ভাবলেই আনন্দ হত এবং মজার ব্যাপার ছিল

ii) পরীক্ষার কথা ভাবলেই দুঃখ হত এবং সেই সঙ্গে আনন্দের ব্যাপার।

iii) পরীক্ষার কথা ভাবলেই হাত-পা ঠান্ডা হয়ে যেত এবং ভীষণ ব্যাপার হয়ে উঠত।

গ) 'সন্দেহ' শব্দটির বিপরীত শব্দ হবে -

i) বিশ্বাস

ii) সংশয়

iii) বিদ্বেষ

## বিভাগ - ক

2. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলি দেখ। প্রতিটি প্রশ্নের জন্য তিনটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে লেখ। 2+2+1 = 5

আলো, বাতাস, জল, স্থল, গাছপালা, জীবজন্তু এই সব কিছু নিয়েই আমাদের পরিবেশ। যখনই পরিবেশে এই সব উপাদানে সমস্যা দেখা দেয় তখনই পরিবেশ দূষিত হয়। কিন্তু দূষণমুক্ত পরিবেশ ছাড়া সুস্থ জীবন যাপন সম্ভব নয়। আমরা জানি জলের অপর নাম জীবন। সেই জলই আজ নানা ভাবে দূষিত। ফলে জীবন ও বিপদের মুখে। কলকারখানার বর্জ্যপদার্থ, কৃষি জমিতে ব্যবহৃত রাসায়নিক সার, সমুদ্রের জল মিশে যাওয়া রাসায়নিক তেল ক্রমশঃ জলকে দূষিত করে ফেলেছে। এই জল ধীরে ধীরে ব্যবহারের অযোগ্য হয়ে উঠছে। ফলে মানুষ নানা রোগে আক্রান্ত হচ্ছে। মাটিও আজ নানা কারণে দূষিত।. মাটিকে বেশি পরিমানে উর্বর করে তুলতে ও তার থেকে ক্ষমতার বেশী উৎপাদন পেতে প্রয়োজনের বেশি রাসায়নিক সার ব্যবহার করা হচ্ছে এবং উৎপাদিত ফসলে কীটনাশক ওষুধ প্রয়োগ করা হচ্ছে। ফলে মানুষ যে সমস্ত ফসল পাচ্ছে তার অনেকাংশই বিষাক্ত। গাছ-পালা কেটে উন্নতির মাত্রা বৃদ্ধি করতে গিয়েও পরিবেশকে দূষিত করে ফেলছে মানুষ। গাছপালার অভাবে বাতাসে কার্বন - ডাই - অক্সাইডের মাত্রা বৃদ্ধি পাচ্ছে। ফলে বাতাস বিষাক্ত হয়ে রোগের পরিমাণকে বাড়িয়ে তুলছে। গাছ না থাকলে মাটি আলগা হয়ে যায় তখন মাটি ক্ষয় হয়। গাছের অভাবে বৃষ্টির পরিমাণ কমে গিয়ে খরা দেখা দেয়। চারিদিক থেকে দূষণের প্রভাবে জীবন বিপর্যস্ত।

 Contd.

ক) পরিবেশের উপাদান গুলি কী কী ? 2+2+1 = 5

i) ইট, পাথর, বালি সিমেন্ট এই সব নিয়েই পরিবেশ।

ii) দোকানপাট শপিং মল পরিবেশের অঙ্গ।

iii) আলো, বাতাস, জল, স্থল, গাছপালা, জীবজন্তু এই সব নিয়েই পরিবেশ।

খ) সুস্থ জীবনের জন্য কী দরকার ও জলের অপর নাম কী ?

i) দূষণ মুক্ত পরিবেশ ও জীবন

ii) দূষিত পরিবেশ ও তৃষ্ণা

iii) খোলা আকাশ ও সলিল

গ) দূষিত জলের জন্য জীবন বিপদের মুখে - জটিল বাক্যে পরিবর্তিত করলে হবে -

i) যেহেতু দূষিত জল সেহেতু জীবন বিপদের মুখে।

ii) দূষিত জল সেজন্য জীবন বিপদের মুখে।

iii) দূষিত জল এবং জীবন বিপদের মুখে।

3. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলি দেখ। প্রতিটি প্রশ্নের জন্য তিনটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে লেখ। 2+2+1 = 5

আদিম যুগে পৃথিবীর অধিবাসীরা সর্বত্র ছড়িয়ে পড়েছিল বেঁচে থাকবার তাগিদে। তারা গাছের ফলমূল খেয়ে এবং জীবজন্তুর মাংস খেয়ে দিন কাটাত। শিকারের খোঁজে তারা দূরদূরান্তে চলে যেত। কোন একস্থানে বেশি দিন কাটানো তাদের পক্ষে সম্ভব হত না। শিকারের সংখ্যা কমে আসছে মনে করলেই তারা স্থান ত্যাগ করত। পশুর মাংস, গাছের ফল-মূল ছিল তাদের খাদ্য। পশু তাদের অনেক উপকারে লাগত। শুধু যে পশুর মাংস খেত তাই নয়, পশুর চামড়া প'রে ঠান্ডার হাত থেকে বাঁচত তারা। যারা নদী বা সমুদ্রের ধারে থাকত তারা অবশ্য মাছ ধরেও খেত। এরপর এল চাষবাসের যুগ। সম্ভবত সেটা প্রথম শুরু হয়েছিল নীলনদ ও ইউফ্রেটিস নদীর উপত্যকায়। চাষবাস শুরু হওয়ার পরই মানুষ একত্র হল সমাজ গঠনের তাগিদে। গোষ্ঠীবদ্ধ হয়ে ধীরে ধীরে গড়ে তুললো গ্রাম। এইবার বেঁচে থাকবার জন্য সমাজ গড়ে তোলার জন্য প্রয়োজন হল নিয়ম-কানুনের। আজও মানুষ সামাজিক জীব হিসেবে নিয়ম-কানুন মেনে চলে।

তা না হলে মানুষ আর বনের পশুর মধ্যে কোন প্রভেদ থাকবে না। নিয়ম শৃঙ্খলা মেনে চলাই মানুষের বড় চারিত্রিক বৈশিষ্ট্য , যা তাকে সভ্য জীব হিসেবে পরিচিতি দিয়েছে।

ক) আদিম যুগের মানুষরা কী কী খেয়ে দিন কাটাত ? 2+2+1 = 5

i) পোকামাকড় খেয়ে দিন কাটাত ।

ii) গাছের ফলমূল এবং জীবজন্তুর মাংস খেয়ে দিন কাটাত ।

iii) গাছের পাতা ও ফুল খেয়ে দিন কাটাত ।

খ) চাষবাসের যুগ প্রথম কোথায় শুরু হয় বলে মনে হয় ও সমাজবদ্ধ মানুষকে কী মেনে চলতে হয় ?

i) গঙ্গা নদীর উপত্যকায় শুরু হয় ও নিয়ম কানুন মেনে চলতে হয়।

ii) দামোদর নদের উপত্যকায় শুরু হয় ও ভগবানকে মেনে চলতে হয়।

iii) নীলনদ ও ইউফ্রেটিস নদীর উপত্যকায় শুরু হয় ও নিয়ম কানুন মেনে চলতে হয়।

গ) 'চারিত্রিক' শব্দটি পদ পরিবর্তন করলে হবে -

i) চরিত্র

ii) চরিত্রগত

iiii) চরিত্রবান

4. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলি দেখ। প্রতিটি প্রশ্নের জন্য তিনটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে লেখ। 2+2+1 = 5

1975 সনের 4 ফেব্রুয়ারি চীনের হাইচেং শহরে ভয়ঙ্কর ভূমিকম্প হয়। তার কিছুদিন আগে থেকে ঐ অঞ্চলের সাপেরা অদ্ভুত আচরণ শুরু করেছিল। শীতের সময় যখন সাপেদের গর্তে ঘুমিয়ে থাকার কথা তখন কিন্তু ওরা গর্তে না থেকে শ'য়ে শ'য়ে গর্ত থেকে বেরিয়ে এসেছিল। 1973 সালে চীনের ট্যাংশন প্রদেশে ভয়ঙ্কর ভূমিকম্পে প্রায় সাত লক্ষ মানুষ প্রাণ হরিয়েছিলেন। ভূমিকম্পের আগে দেখা যাচ্ছিল যে বন্যপ্রাণীরা পাহাড়ী এলাকা ছেড়ে সমতল অঞ্চলে ভিড় করেছিল। সুতরাং ভূমিকম্পের আগে পশুপাখিদের এই সব অদ্ভুত আচরণ আমাদের লক্ষ্য করা দরকার। নানা ধরনের প্রাকৃতিক বিপর্যয় সম্পর্কে আমরা অন্তত অগ্রিম বার্তাটুকু পেতে পারি এদের লক্ষ্য করলে । 1857 সালে ইটালির জেনোয়া শহরে ভয়াবহ ভূমিকম্প হয়। সেই ভূমিকম্পের আগে শহর থেকে সমস্ত পায়রা হঠাৎ উধাও হয়ে যায় । তেমনি 1891 সালে জাপানের এক শহরে যেদিন ভূমিকম্প হয় ঠিক তার আগের দিন ইঁদুরগুলো উধাও হয়ে যায় । ভূমিকম্পের আগাম বার্তা সম্পর্কে এই ভাবেই পশুপাখি জানান দেয় চিরকাল।

ক) কোন ভূমিকম্পের কথা এখানে বলা হয়েছে ?

i) 1973 এ চীনের ট্যাংশন শহরের ভূমিকম্প

ii) 1851 সনে ইটালির জেনোয়া শহরের ভূমিকম্প

iii) 1970 সনের 4 ফেব্রুয়ারি চীনের হাইচেং শহরের ভূমিকম্প।

খ) ভূমিকম্পের আগে কাদের আচরণ লক্ষ্য করা উচিত এবং কেন ?

i) পার্বত্য মানুষের আচরণ, কারণ তারা অনেক কিছু জানে।

ii) কীটপতঙ্গের আচরণ কারণ তারা অনেক কিছু বোঝাতে পারে।

iii) পশুপাখিদের অদ্ভুত আচরণ কারণ প্রাকৃতিক বিপর্যয় সম্পর্কে অগ্রিম বার্তা দেয়।

গ) পশুপাখি শব্দটির ব্যাস বাক্য হল -

i) পশু ও পাখি

iii) পশু অথচ পাখি

iii) পশু যে পাখি

## Section - B

### নির্মিতি (রচনা)

### Writing (Composition)

5. বিদ্যালয় চত্বরে একটি ছোট হাতব্যাগ পাওয়া গেছে - যার মধ্যে এটি এম কার্ড ও প্যান কার্ড আছে - সম্ভবতঃ কোনও অভিভাবকের । উপযুক্ত প্রমাণ দিয়ে নির্দিষ্ট ব্যক্তি যেন সংগ্রহ করেন এই মর্মে একটি বিজ্ঞপ্তি রচনা কর। 5

**অথবা**

দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য এক শিক্ষামূলক ভ্রমণের আয়োজন করা হয়েছে মধ্যপ্রদেশে । উৎসাহী ছাত্রছাত্রীদের নাম দেওয়ার জন্য আহ্বান জানিয়ে একটি বিজ্ঞপ্তি লেখ।

6. ভর দুপুরে ট্রেনের কামরায় ডাকাতি । কয়েকজন হত ও একজন নিহত । এই বিষয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর। (100 শব্দ) 5

**অথবা**

দামী নার্সিং হোমে চিকিৎসা বিভ্রাটে রোগীর মৃত্যু। এই বিষয়ে সংবাদ পত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর । (100 শব্দ)

## Section - C

### ব্যাকরণ

### Grammar

7. নীচের প্রতিটি প্রশ্নে একই শব্দের তিনটি করে বানান দেওয়া হয়েছে। সঠিক বানানটি বেছে লেখ। $1 \times 5 = 5$

ক) সহযোগীতা / সহোযোগিতা / সহযোগিতা

খ) দুরাবস্থা / দুরবস্থা / দূরবাস্থা

গ) এককীত্য / একাকিত্য / একাকিত্ব

ঘ) কথপোকথন / কথোপোকথন / কথোপকথন

ঙ) দুর্বিসহ / দুর্বিষহ / দূর্বিসহ

8. বিসর্গ সন্ধি সম্পর্কিত নীচের প্রতিটি প্রশ্নের সাথে তিনটি করে উত্তর দেওয়া আছে। ঠিক উত্তরটি বেছে নাও। $1\times5 = 5$

ক) 'চতুর্বেদ' শব্দটি সন্ধি বিচ্ছেদ করলে হবে -

i) চতুর্ + বেদ

ii) চতুঃ + বেদ

iii) চতুষ্ + বেদ

খ) 'মনস্তাপ' শব্দটি সন্ধি বিচ্ছেদ করলে হবে -

i) মন + তাপ

ii) মনঃ + তাপ

iii) মনস্ + তাপ

গ) 'তিরস্কৃত' শব্দটি সন্ধি বিচ্ছেদ করলে হবে -

i) তিরোঃ + কৃত

ii) তিরঃ + কৃত

iii) তিরঃ + স্কৃত

ঘ) 'সরঃ + বর' সন্ধি করলে হয় -

i) সরবর

ii) সরোবর

iii) সোরবর

ঙ) 'পুরঃ + হিত' সন্ধি করলে হয়

i) পুরহিত

ii) পুরোহিত

iii) পূরহিত

৭। বাক্যের রূপান্তরসাধন সম্পর্কিত নিম্নলিখিত প্রশ্নগুলির সঙ্গে দেওয়া তিনটি উত্তর থেকে সঠিক উত্তরটি বেছে নিতে হবে। $1\times5 = 5$

ক) 'অসুস্থ ছিলাম, সেইজন্য গতকাল অনুপস্থিত ছিলাম' - এই বাক্যটিকে জটিল বাক্যে রূপান্তর করলে দাঁড়ায়

i) অসুস্থ ছিলাম এবং গতকাল অনুপস্থিত ছিলাম।

ii) অসুস্থতার জন্য গতকাল অনুপস্থিত ছিলাম ।

iii) যেহেতু অসুস্থ ছিলাম, সেইহেতু গতকাল অনুপস্থিত ছিলাম।

খ) 'উন্নতি করতে হলে পরিশ্রমী হও' - এই বাক্যটিকে যৌগিক বাক্যে রূপান্তর করতে হলে হবে

i) যদি উন্নতি করতে চাও তবে পরিশ্রমী হও।

ii) পরিশ্রমী হও, তবেই উন্নতি করবে।

iii) পরিশ্রমী হলেই উন্নতি করবে।

গ) 'যে সত্য অপ্রিয়, তাও বলা উচিত' - এই বাক্যটিকে সরল বাক্যে রূপান্তর করলে হবে -

i) সত্য অপ্রিয় কিন্তু তা বলা উচিত।

ii) অপ্রিয় সত্যও বলা উচিত।

iii) যেহেতু সত্য অপ্রিয় সেহেতু তা বলা উচিত।

ঘ) 'অপরাধী বলে শাস্তি পাবেই' - এই বাক্যটিকে যৌগিক বাক্যে রূপান্তর করলে দাঁড়ায় -

i) অপরাধ যখন করেছ, তখন শাস্তি পাবেই।

ii) অপরাধ করার জন্য শাস্তি পাবে।

iii) অপরাধ করেছ অতএব শাস্তি পাবেই।

ঙ) 'তিনি পরম পণ্ডিত কিন্তু ব্যবহারে বড়োই অমায়িক' - এই বাক্যটিকে জটিল বাক্যে পরিণত করলে হয় -

i) তিনি পরম পণ্ডিত এবং ব্যবহারে বড়োই অমায়িক।

ii) যদিও তিনি পরম পণ্ডিত তবুও ব্যবহারে বড়োই অমায়িক।

iii) পরম পণ্ডিত হলেও ব্যবহারে তিনি বড়োই অমায়িক।

10. নীচের প্রশ্নগুলি 'একই শব্দের বিভিন্ন অর্থে প্রয়োগ বিষয়ক' প্রশ্নগুলির সঙ্গে তিনটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে লেখ - $1 \times 5 = 5$

ক) 'কথা' শব্দটি কোন্ বাক্যে 'আলোচনা' অর্থে ব্যবহৃত হয়েছে ?

i) এ তো বড় কম কথা নয় ।

ii) সবার মুখেই নেতাজীর কথা।

iii) ওদের পারিবারিক কথায় না থাকাই ভাল ।

খ) 'মোটা' শব্দটি কোন্ বাক্যে 'অমার্জিত' অর্থে ব্যবহৃত হয়েছে?

i) দাদু কয়লার কারবারে মোটা টাকা রোজগার করতেন।

ii) আমার এমন মোটা গলায় কীর্তন গান চলে না।

iii) লোকটি বেশ মোটা।

গ) 'মাথা' শব্দটি 'প্রধান' অর্থে কোথায় ব্যবহৃত হয়েছে ?

i) রহিমবাবু এ গ্রামের মাথা।

ii) ছেলেটির অঙ্কে মাথা খুব ভালো।

iii) তার মাথায় আঘাত লেগেছে।

ঘ) 'কাঁচা' শব্দটি কোথায় 'অপক্ক' অর্থে ব্যবহৃত হয়েছে

i) ছেলেটি অঙ্কে বড়ই কাঁচা

ii) রামবাবু বেশ কাঁচা পয়সা করেছেন।

iii) কাঁচা আমের অম্বল রাঁধো আজ

ঙ) 'হাত' শব্দটি কোথায় 'দক্ষতা' অর্থে ব্যবহার হয়েছে

i) মায়ের হাত আমার মাথায় আছে ।

ii) রূপার সেলাই এর হাত খুব ভাল ।

iii) শ্যামের চাকরিতে আমার কোন হাত নেই ভাই।

## Section - D

## সাহিত্য

## Literature (Text & Supplementary Reader)

11. সপ্রসংগ ব্যাখ্যা লেখ ঃ 5

"অনেক মহৈশ্বর্যশালী রাজা রায় বাহাদুর প্রচুর ক্ষমতা লইয়া যে উপাধি লাভ করিতে পারে নাই এই দরিদ্র পিতার দরিদ্র সন্তান সেই দয়ার সাগর নামে বঙ্গদেশে চিরদিনের জন্য বিখ্যাত হইয়া রহিলেন।"

অথবা

"আরব্য উপন্যাসের আলাউদ্দীনের আশ্চর্য প্রদীপ বা আলিবাবা ও চল্লিশ দস্যু প্রভৃতির চেয়ে পল্লির উপকথাগুলির মূল্য কম নয়।"

12. "সাহেবের হস্ত হইতে শিরোপা লইবার জন্য কখনো মাথা নত করেন নি।"

i) মূল গ্রন্থের নাম লেখ।

ii) 'শিরোপা' কথাটির অর্থ কি ও কে মাথা নত করেননি ?

iii) একটি ঘটনার উল্লেখ করে বিদ্যাসাগরের আত্মমর্যদাবোধের পরিচয় দাও। 1+2+2 = 5

অথবা

"ইউরোপ আমেরিকায় আজ Proletariat সাহিত্য ক্রমে আদরের আসন পাচ্ছে"

i) কার লেখা কোন্ প্রবন্ধের অংশ ?

ii) 'Proletariat' - সাহিত্য কাকে বলে ?

iii) ইউরোপ আমেরিকায় কেন এই সাহিত্য আদরের আসন পাচ্ছে ?

13. "তখন ভগীরথের গঙ্গা আনয়ন বৃত্তান্ত স্মৃতিপথে উদিত হত।"

i) কার লেখা, কোন্ রচনার অংশ ?

ii) কখন গঙ্গার আনয়নের বৃত্তান্ত স্মৃতিপথে উদিত হত ?

iii) গঙ্গা আনয়ন বৃত্তান্তটি সংক্ষেপে লেখ। 1+2+2 = 5

অথবা

"বিদ্যাসাগর এই সময়ে আরও একটি ক্ষুদ্র সামাজিক যুদ্ধে জয়লাভ করিয়াছিলেন।"

i) কার লেখা, কোন্ রচনার অংশ ?

ii) ক্ষুদ্র সামাজিক যুদ্ধটি কি ?

iii) এছাড়া, তাঁর অন্যান্য সমাজসংস্কারমূলক কাজের উল্লেখ কর।

14. সপ্রসংগ ব্যাখ্যা লেখ ঃ 5

"ছোট ছোট দাগ পা'র ঘুচে হয় একাকার
নব নব পদ তাড়নায়।"

অথবা

"নিজগৃহ পথ, তাত, দেখাও তস্করে ?
চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে ?"

15. "স্বচ্ছতায় শুধু হেরি আমার জীবন ঘেরি
ভাসে শুধু ম্লান মুখগুলি ।" 1+2+2 = 5

i) কার এরূপ মনে হয়েছে ?

ii) মুখগুলি ম্লান হওয়ার কারণ কি ?

iii) এখানে কবির মনোভাব নিজের ভাষায় সংক্ষেপে লেখ।

অথবা

"কহিলাম তবে, আমি তো নীরবে, দিয়েছি আমার সব,
দুটি ফল তার করি অধিকার, এত তারি কলরব।"

i) কার লেখা কোন্ কবিতার অংশ ?

ii) কে, কেন একথা বলেছেন ?

iii) এর ফল কি হয়েছিল ?

16. "গুণবান যদি পরজন গুণহীন স্বজন
তথাপি নির্গুণ স্বজন শ্রেয় পরঃ পরঃ সদা।" 1+2+2 = 5

i) বক্তা কে ? কার প্রতি এই উক্তি ?

ii) প্রসঙ্গ উল্লেখ কর।

iii) উক্তিটির তাৎপর্য লেখ

**অথবা**

"ঘন ঘন আনাগোনা কতদিন দেখা শোনা
তবু কেন মনে নাহি থাকে ?"

i) কার লেখা, কোন কবিতার অংশ ?

ii) কবির সঙ্গে কাদের কেন ঘন ঘন দেখাশোনা হত ?

iii) কবির তাদের মনে না রাখতে পারার কারণ কী ?

17. "সেই যুদ্ধই তার শেষ যুদ্ধ, যুদ্ধ ক্ষেত্রে বাপ্পার হাতে মান রাজা প্রাণ দিলেন।" 1+2+2 = 5

i) বাপ্পার সাথে রাজা মানের সম্পর্ক কী ?

ii) রাজা মানের মৃত্যুর কারণ কী ?

iii) এরপর বাপ্পা কোন রাজকন্যাকে বিবাহ করে, কোথাকার রাজ সিংহাসনে বসলেন ?

**অথবা**

"বুড়ো মন্ত্রী এসে হাম্বিরের কানের কাছে বললেন, "মহারানা, যেন কেমন কেমন ঠেকছে !"

i) হাম্বির কোথায় কেন গিয়েছিলেন ?

ii) বুড়ো মন্ত্রীর হাম্বিরকে একথা বলার কারণ কী ?

iii) এর উত্তরে হাম্বির কী বললেন ?

18. “আমার বিশ্বাস ভবানীর খাঁড়া এখনো চিতোরেই আছে।”

i) একথা কে কাকে বলেছেন ?

ii) ভবানীর খাঁড়া প্রথম কে কার কাছ থেকে আশীর্বাদ স্বরূপ পান ?

iii) কে কিভাবে খাঁড়াটি উদ্ধার করেছিলেন ? সংক্ষেপে বর্ণনা কর। 1+2+2 = 5

**অথবা**

“চল, আজ গ্রামে গ্রামে নগরে নগরে পশুর সমান ভীলের দল শিকার করি গে।”

i) কে কথাটি বলেছিলেন ? 1+2+2 = 5

ii) তিনি ভীলদের সঙ্গে কিরূপ ব্যবহার করেছিলেন ?

iii) কীভাবে বক্তার মৃত্যু ঘটে ?

—※—